# Avas® EZ

Atorvastatin & Ezetimibe

**Description:** Atorvastatin, a 3-hydroxy-3-methylglutaryl -coenzyme A (HMG-CoA) reductase inhibitor and Ezetimibe is a selective inhibitor of intestinal cholesterol.

**Mode of Action:** This is the combination of two medicines: Atorvastatin and Ezetimibe. Atorvastatin is a lipid-lowering medicine, which prevents body from making bad cholesterol LDL by inhibiting HMG-CoA reductase enzyme while raising good cholesterol HDL levels. Ezetimibe is a cholesterol absorption inhibitor, which prevents absorption of cholesterol from the intestines. Together, they provide better reduction of cholesterol in our body.

**Presentation:**
**Avas® EZ 10/10 Tablet:** Atorvastatin Calcium Trihydrate BP 10.825 mg equivalent to Atorvastatin 10 mg & Ezetimibe USP 10 mg.
**Avas® EZ 20/10 Tablet:** Atorvastatin Calcium Trihydrate BP 21.650 mg equivalent to Atorvastatin 20 mg & Ezetimibe USP 10 mg.
**Avas® EZ 40/10 Tablet:** Atorvastatin Calcium Trihydrate BP 43.300 mg equivalent to Atorvastatin 40 mg & Ezetimibe USP 10 mg.

**Indications:**
- Primary Hyperlipidemia or Mixed Hyperlipidemia
- Homozygous familial Hypercholesterolemia

**Dosage & Administration:** Atorvastatin & ezetimibe combination can be taken with or without food. Initial dose: Atorvastatin + ezetimibe 10/10 or 20/10 mg orally once daily. Initial dose for patients who require a larger reduction in LDL-C (greater than 55%): Atorvastatin + ezetimibe 40/10 mg orally once daily.

**Contraindication:** Atorvastatin & Ezetimibe combination tablet contraindicated in following cases: active liver disease or unexplained persistent elevations of hepatic transaminase levels or hypersensitivity to any component of its.

**Side Effects:** Side effects is very rare, it may occur in ≥2% of patients treated with Atorvastatin + Ezetimibe. Mainly occurred side effects are Dizziness, Coughing, Abdominal pain, Nausea, Musculoskeletal pain, Hyperkalemia, increased ALT, AST etc.

**Use in Pregnancy & Lactation:** Atorvastatin and Ezetimibe combination is contraindicated in women who are or may become pregnant and also contraindicated in breastfeeding women.

**Precaution:** Patients should be advised to report promptly any: Unexplained and/or persistent muscle pain, tenderness, or weakness. Skeletal muscle effects (e.g., myopathy and rhabdomyolysis): Risks increase with higher doses and concomitant use of certain CYP3A4 inhibitors, fibric acid derivatives, and cyclosporine. Predisposing factors include advanced age (>65), uncontrolled hypothyroidism, and renal impairment. Liver enzyme abnormalities: Persistent elevations in hepatic transaminase can occur. Check liver enzyme tests before initiating therapy and as clinically indicated thereafter.

**Drug Interaction:** The risk of myopathy during treatment with statins is increased with concurrent administration of fibric acid derivatives, lipid-modifying doses of niacin, cyclosporine, or strong CYP3A4 inhibitors (e.g., clarithromycin, HIV protease inhibitors, and litraconazole)

**Overdosage:** No specific treatment of overdosage with Atorvastatin & Ezetimibe. In the event of an overdose, the patient should be treated symptomatically, and supportive measures instituted as required.

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 30° C temperature and protected from light.

**Packaging:**
**Avas® EZ 10/10 Tablet:** Each box contains 14x3 tablets in Alu-Alu blister pack.
**Avas® EZ 20/10 Tablet:** Each box contains 14x2 tablets in Alu-Alu blister pack.
**Avas® EZ 40/10 Tablet:** Each box contains 14x1 tablets in Alu-Alu blister pack.

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh
® Registered Trade Mark.

# এভাস® ইজি

এটোরভাসটেটিন ও ইজেটিমিব

**বিবরণ:** এটোরভাসটেটিন একটি ৩-হাইড্রক্সি-৩-মিথাইলগ্লুটারাইল-কোএনজাইম এ (এইচএমজি-কোএ) রিডাক্টেস ইনহিবিটর এবং ইজেটিমিব হল অন্ত্রের কোলেস্টেরলের একটি সিলেক্টিভ প্রতিরোধক।

**কার্যপদ্ধতি:** এটি এটোরভাসটেটিন এবং ইজেটিমিব ওষুধের কম্বিনেশন। এটোরভাসটেটিন হল একটি লিপিড হ্রাসকারী ওষুধ, যা ভালো কোলেস্টেরল এইচডিএল এর মাত্রা বাড়ায় ও এইচএমজি-কোএ রিডাক্টেজ এনজাইমকে বাধা দিয়ে খারাপ কোলেস্টেরল এলডিএল তৈরি করতে বাধা দেয়। ইজেটিমিব হল একটি কোলেস্টেরল শোষণ প্রতিরোধক, যা অন্ত্র থেকে কোলেস্টেরল শোষণ প্রতিরোধ করে। একসাথে, তারা আমাদের শরীরের কোলেস্টেরল আরও ভাল হ্রাস করতে সাহয্য করে।

**উপস্থাপনা:**
**এভাস® ইজি ১০/১০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে এটোরভাসটেটিন ক্যালসিয়াম ট্রাইহাইড্রেট বিপি ১০.৮২৫ মিগ্রা যা এটোরভাসটে-টিন ১০ মিগ্রা এর সমতুল্য এবং ইজেটিমিব ইউএসপি ১০ মিগ্রা।
**এভাস® ইজি ২০/১০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে এটোরভাসটেটিন ক্যালসিয়াম ট্রাইহাইড্রেট বিপি ২১.৬৫০ মিগ্রা যা এটোরভাসটে-টিন ২০ মিগ্রা এর সমতুল্য এবং ইজেটিমিব ইউএসপি ১০ মিগ্রা।
**এভাস® ইজি ৪০/১০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম-কোটেড ট্যাবলেটে রয়েছে এটোরভাসটেটিন ক্যালসিয়াম ট্রাইহাইড্রেট বিপি ৪৩.৩০০ মিগ্রা যা এটোরভাসটে-টিন ৪০ মিগ্রা এর সমতুল্য এবং ইজেটিমিব ইউএসপি ১০ মিগ্রা।

**নির্দেশনা:** প্রাথমিক হাইপারলিপিডেমিয়া বা মিশ্র হাইপারলিপিডেমিয়া ও হোমোজাইগাস ফ্যামিলিয়াল হাইপারকোলেস্টেরলেমিয়া।

**মাত্রা ও সেবনবিধি:** এটোরভাসটেটিন এবং ইজেটিমিব খাবারের আগে ও পরে যেকোন সময় সেবন করা যেতে পারে।
প্রাথমিক মাত্রা: এটোরভাসটেটিন এবং ইজেটিমিব ১০/১০ বা ২০/১০ প্রতিদিন একবার সেব্য। যেসব রোগীদের এলডিএল-সি (≥৫৫%) অনেক বেশি হ্রাসের প্রয়োজন তাদের জন্য প্রাথমিক ডোজ: এটোরভাসটেটিন এবং ইজেটিমিব ৪০/১০ প্রতিদিন একবার সেব্য।

**প্রতিনির্দেশনা:** এটোরভাসটেটিন এবং ইজেটিমিব কম্বিনেশন ট্যাবলেট নিম্নলিখিত ক্ষেত্রে প্রতিনির্দেশিত: সক্রিয় লিভার রোগ বা হেপাটিক ট্রান্সমিনেজের মাত্রা ক্রমাগত বেড়ে যাওয়া বা এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** এটোরভাসটেটিন এবং ইজেটিমিব দিয়ে চিকিৎসার ক্ষেত্রে পার্শ্বপ্রতিক্রিয়া খুবই বিরল, তবে ≥২% ক্ষেত্রে মাথা ঘোরা, কাশি, পেটে ব্যথা, বমি বমি ভাব, পেশীর ব্যথা, হাইপারক্যালেমিয়া এর মত পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে এবং এএলটি, এএসটি ইত্যাদি এর মাত্রা বৃদ্ধি পেতে পারে।

**গর্ভাবস্থা এবং স্তন্যদান কালে ব্যবহার:** এটোরভাসটেটিন এবং ইজেটিমিব গর্ভবতী বা গর্ভবতী হতে পারে এবং স্তন্যদানকারী মহিলাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**সতর্কতা:** উপযুক্ত কোন কারণ ছাড়া অবিরাম পেশী ব্যথা বা দুর্বলতা অনুভূত হলে অবিলম্বে ডাক্তারের পরামর্শ নেয়া আবশ্যক। কঙ্কালের পেশীর প্রভাব (যেমন-মায়োপ্যাথি এবং র‍্যাবডোমায়োলাইসিস): উচ্চ মাত্রায় সিওয়াইপি৩এ৪ ইনহিবিটর, ফাইব্রিক অ্যাসিড ডেরিভেটিভস এবং সাইক্লোস্পোরিন একসাথে ব্যবহারের ফলে ঝুঁকি বৃদ্ধি পায়। পূর্বনির্ধারিত কারণ গুলির মধ্যে রয়েছে ৬৫ বছরের বেশি বয়স, অনিয়ন্ত্রিত হাইপোথাইরয়ডিজম এবং রেনাল বৈকল্য। লিভার এনজাইমের অস্বাভাবিকতা: হেপাটিক ট্রান্সমিনেজ এনজাইম ক্রমাগত বেড়ে যেতে পারে। থেরাপি শুরু করার আগে লিভার এনজাইম পরীক্ষা করে নিন।

**ওষুধের আন্তঃক্রিয়া:** স্ট্যাটিনের দ্বারা চিকিৎসার সময় ফাইব্রিক অ্যাসিড ডেরিভেটিভস, নিয়াসিনের লিপিড-সংশোধনকারী ডোজ, সাইক্লোস্পোরিন বা শক্তিশালী সিওয়াইপি৩এ৪ ইনহিবিটরস (যেমন, ক্ল্যারিথ্রোমাইসিন, এইচআইভি প্রোটিএজ ইনহিবিটরস, এবং ইট্রাকোনাজল) এর একযোগে প্রয়োগ মায়োপ্যাথির ঝুঁকি বাড়িয়ে দিতে পারে।

**মাত্রাধিক্য:** এটোরভাসটেটিন এবং ইজেটিমিব -এর অতিরিক্ত মাত্রার কোনো নির্দিষ্ট চিকিৎসা নেই। তবে অত্যধিক মাত্রায় ব্যবহারের ফলে, রোগীর লক্ষণগতভাবে চিকিৎসা করা উচিত, এবং প্রয়োজন অনুসারে সহায়ক ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ৩০° সে, তাপমাত্রার নিচে ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

**উপস্থাপনা:**
**এভাস® ইজি ১০/১০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×৩ ট্যাবলেট।
**এভাস® ইজি ২০/১০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×২ ট্যাবলেট।
**এভাস® ইজি ৪০/১০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ১৪×১ ট্যাবলেট।

0944-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh
® Registered Trade Mark.